দৈনিক ইনকিলাব

NOV. 22 2001

তারিখ ... ... ... ... ... ... ... ...
পৃষ্ঠা ৭ কলাম ৮......

# আওয়ামী শাসনামলে ইসলামী শিক্ষার বিরুদ্ধে গৃহীত ব্যবস্থা বাতিল করতে হবে

## —স্টুডেন্টস ফোরাম

**বিশ্ববিদ্যালয় রিপোর্টার ঃ** ইসলামিক স্টাডিজ স্টুডেন্টস ফোরাম অবিলম্বে জাতীয় শিক্ষা ব্যবস্থার সকল স্তরে ইসলামী শিক্ষাকে বাধ্যতামূলক শিক্ষা হিসেবে অন্তর্ভুক্তকরণ ও বিগত আওয়ামী লীগ সরকারের আমলে ইসলামী শিক্ষার বিরুদ্ধে গৃহীত সকল পদক্ষেপ বাতিলের দাবী জানিয়েছে। গতকাল (বুধবার) জাতীয় প্রেসক্লাবে আয়োজিত এক সাংবাদিক সম্মেলনে এ দাবী জানানো হয়। ইসলামিক স্টাডিজ স্টুডেন্টস ফোরামের কেন্দ্রীয় সভাপতি আমান উদ্দীন মুঃ মুজাহিদ এতে লিখিত বক্তব্য পাঠ করেন। সাংবাদিকদের বিভিন্ন প্রশ্নের জবাব দেন সংগঠনের সাধারণ সম্পাদক মুঃ হেদায়েত উল্লাহ, ঢাকা বিশ্ববিদ্যালয় সভাপতি খায়রুল আলম, নূরুল আবছার, আবুল কালাম আযাদ, আবুল খায়ের প্রমুখ। সাংবাদিক সম্মেলনে বক্তাগণ বাংলাদেশে শিক্ষা ব্যবস্থায় ইসলামী শিক্ষার দৈন্যদশার উল্লেখ করে বলেন, বিগত আওয়ামী লীগ সরকারের গৃহীত কিছু অশুভ পদক্ষেপের ফলে ইসলামী শিক্ষা বর্তমানে প্রায় বিলুপ্ত হতে চলেছে, যা পৃথিবীর দ্বিতীয় বৃহত্তম মুসলিম দেশের জন্য অত্যন্ত দুঃখজনক। বক্তাগণ নয় দফা দাবী পেশ করে তা বাস্তবায়নের লক্ষ্যে আজ (বৃহস্পতিবার) থেকে ২৬ নভেম্বর পর্যন্ত গণসংযোগ, ২৭ নভেম্বর বিক্ষোভ দিবস এবং ১০ ফেব্রুয়ারী জাতীয় প্রতিনিধি সম্মেলনের কর্মসূচী ঘোষণা করেন।